



## খালেদা জিয়ার শারীরিক অবস্থায় অবনতিতে রাষ্ট্রপতির গভীর উদ্বেগ



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার অবনতিশীল শারীরিক অবস্থায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। শনিবার (২৯ নভেম্বর) রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিবের পাঠানো এক বার্তায় জানানো হয়, তিনি খালেদা জিয়ার দ্রুত আরোগ্য কামনা করেছেন এবং দেশবাসীর কাছেও দোয়ার আহ্বান জানিয়েছেন। এদিকে, খালেদা জিয়ার শারীরিক অবস্থা 'স্থিতিশীল নয়' বলে জানিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। শুক্রবার গভীর রাতে হাসপাতালে গিয়ে তিনি খালেদা জিয়ার খোঁজখবর নেন। পরে সাংবাদিকদের তিনি জানান, দূরত্ব বজায় রেখেও তারা খালেদা জিয়ার সঙ্গে কথা বলার চেষ্টা করেছেন। “তিনি আমাদের চিনতে পেরেছেন, সালামের জবাবও দিয়েছেন,” বলেন মির্জা আব্বাস।

চিকিৎসক সূত্রে জানা যায়, প্রায় ৮০ বছর বয়সী খালেদা জিয়া নানা জটিল রোগে ভুগছেন। গত ২৩ নভেম্বর ফুসফুসে সংক্রমণ ও হৃদযন্ত্রের সমস্যা বেড়ে যাওয়ায় আবারও তাকে হাসপাতালে ভর্তি করা হয়। মেডিকেল বোর্ডের তত্ত্বাবধানে সিসিইউতে দেশি-বিদেশি বিশেষজ্ঞদের নিবিড় পর্যবেক্ষণে তার চিকিৎসা চলছে।